

আতঙ্ক কাটাতে কাউন্সেলিং সেবা শিক্ষার্থী অভিভাবকদের

নিজস্ব প্রতিবেদক

৩০ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের সময়



উত্তরার দিয়াবাড়ির মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে যুদ্ধবিমান বিধ্বস্ত হয়ে হতাহতের ঘটনার পর শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ভয় এবং মানসিক বিপর্যয় ঘনীভূত হয়েছে। এ পরিস্থিতিতে কাউন্সেলিংয়ের মাধ্যমে আতঙ্ক ও ট্রমা কাটিয়ে উঠার চেষ্টা করছেন তারা।

বিমানবাহিনী ও ব্র্যাক যৌথভাবে অস্থায়ী কাউন্সেলিং সেবা চালু করেছে। সেখানে প্রশিক্ষিত মনোরোগ বিশেষজ্ঞ ও কাউন্সেলররা সেবা দিচ্ছেন। গতকাল স্কোয়াড্রন লিডার ওয়ালিউল্লাহিল জানান, বিমানবাহিনীর মেডিক্যাল ক্যাম্পে গত সোমবার ১১৯ জন এবং মঙ্গলবার দুপুর পর্যন্ত আরও ১১০ জন চিকিৎসা নিয়েছেন।

একজন অভিভাবক বাপ্পী জানান, তার মেয়ে ক্লাস নাইনের ছাত্রী। দুর্ঘটনার পর থেকে বিমান বা উচ্চ শব্দ শুনলেই আতঙ্কিত হয়ে পড়েন, রাতে ঘুমাতে পারেন না। পঞ্চম শ্রেণির শিক্ষার্থী রিয়া বলেন, ঘটনার দিন যা দেখেছি, চোখের সামনে সব ভাসে। শিক্ষার্থীদের মানসিক অবস্থা বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ক্লাস শুরু করারিখ আরও পিছিয়ে দিয়েছে। সব ধরনের শিক্ষা কার্যক্রম আগামী ২ আগস্ট পর্যন্ত স্থগিত থাকবে। তবে প্রশাসনিক কার্যক্রম চলবে

আগের মতো।

এ ছাড়া জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের সহায়তায় গঠন করেছে একটি বিশেষ কমিটি। চালু করা হয়েছে আউটডোর সেবা, হটলাইন, বিশেষজ্ঞ সমন্বয়ে আউটরিচ টিম এবং হাসপাতালে বেড সংরক্ষণের ব্যবস্থা। হটলাইনে প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত বিভিন্ন নম্বরে মানসিক সেবা মিলছে।

এদিকে শরীয়তপুরের নিহত শিক্ষার্থী আব্দুল্লাহ হামীম ও আয়মানের কবর জিয়ারত করে শ্রদ্ধা জানিয়েছে বিমানবাহিনীর প্রতিনিধি দল।